তারিখ ... 29 OCT 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে রজতজয়ন্তী উদযাপিত

দিনব্যাপী নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে'র (বাউবি) গাজীপুর ক্যাম্পাসে গত বৃহস্পতিবার 'রজতজয়ন্তী উৎসব' উদযাপিত হয়। উৎসবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কেক কেটে, র‍্যালিতে অংশ নিয়ে দিবসের প্রথম ভাগের অনুষ্ঠানে তিনি যোগ দেন। বিকেলে 'টেকসই ও প্রযুক্তিনির্ভর উন্নয়নে উন্মুক্ত ও দূরশিক্ষণ' বিষয়ে আলোচনা ও স্মৃতিচারণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় ও ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশের পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য বিশ্ববিদ্যালয়গুলোকে সময়োপযোগী শিক্ষাদান করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননানের সভাপতিত্বে স্মৃতিচারণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রতিষ্ঠাতা উপাচার্য অধ্যাপক ড. এম শমশের আলী, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. আর আই শরীফ, অর্থ কমিটির সদস্য নিজাম চৌধুরী, উপ-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. আশফাক হোসেন।

এর আগে সকালে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসেন ভূঁইয়া ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আরিফা রহমান রুমার সঞ্চালনায় ঢাকা আঞ্চলিক কেন্দ্রের বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীরা স্মৃতিচারণ অনুষ্ঠানে অংশ নেন।

সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে রজতজয়ন্তী অনুষ্ঠান শেষ হয়। রজতজয়ন্তী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস মনোরম আলোকসজ্জায় সজ্জিত হয়। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ১১টি আঞ্চলিক কেন্দ্রেও রজতজয়ন্তী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।